

সু নিৰ্মল বসুকে স্মরণে রেখে

আকাশ হতে চাওনি তুমি
 হয়ে ছিলে ঘাস
 শতবর্ষে পরেও সে তার
 পাই যে সুবাস।
 শিশু মনের কল্পনাকে
 রূপটি দেবার তরে।
 লিখলে ছড়া, গল্প কথা।
 সবই মনে পড়ে।
 তেপান্তরের মাঠের পথে
 বীর শিকারীর দেখা
 সর্দার হার ব্যাঘ্র শিকার
 তাও তো আছে লেখা
 আরো আছে মজার ছড়া
 কিপটে দাদুর কথা
 রাঙা মামার ভাঙা আসর
 বন্দীবীরের ব্যথা।
 দু'খের মাঝে হাসির ছোঁয়ায়
 উথাল পাথাল মন
 তোমার কথাই পড়ছে মনে
 তাই তো সারাক্ষণ।

রঞ্জিত মুখোপাধ্যায়

